



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩০৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩০৮৮৬৩২

ই-মেইল : [wpartymail@gmail.com](mailto:wpartymail@gmail.com) [www.wpbd71.org](http://www.wpbd71.org)

তারিখ : ১৭ অক্টোবর ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

### মন্দির ভাঙ্চুর ও সাম্প্রদায়িক সহিংসতার ঘটনা পূর্ব পরিকল্পিত

----- ওয়ার্কার্স পার্টি

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি পলিটবুরো আজ ১৭ অক্টোবর প্রদত্ত এক বিবৃতিতে কুমিল্লার পুজামন্ডপে কোরান অবমাননার অভিযোগকে কেন্দ্র করে সারা দেশের বিভিন্ন স্থানে পুজামন্ডপ, প্রতিমা, মন্দির ভাঙ্চুর ও সংখ্যালঘু সম্প্রদায়ের ব্যবসা প্রতিষ্ঠান ও বাড়ীগুলির আক্রমণের প্রতিবাদে এবং সরকার ও আইনশৃঙ্খলা কর্তৃপক্ষ কর্তৃক কঠোর ব্যবস্থা গ্রহণের দাবিতে আগামী ২৩ অক্টোবর শনিবার হিন্দু-বৌদ্ধ-খৃষ্টান ঐক্য পরিষদের ৬ ঘন্টার অনশন ও গণঅবস্থানের কর্মসূচির প্রতি সংহতি জানিয়েছে। বিবৃতিতে এ ধরণের অন্যায় ও অপরাধমূলক তৎপরতার বিরুদ্ধে জনমত সৃষ্টি ও রাজনৈতিক সমাজিক প্রতিরোধ গড়ে তুলতে সকল অসাম্প্রদায়িক গণতান্ত্রিক রাজনৈতিক দল ও গোষ্ঠী, সামাজিক সংগঠন, নাগরিক সমাজকে ঐক্যবন্ধ হয়ে একযোগে কাজ করতেও আহ্বান জানিয়েছে ওয়ার্কার্স পার্টির পলিটবুরো। ওয়ার্কার্স পার্টির বিবৃতিতে বলা হয় দুর্গাপুজার আষ্টমীর দিন এই ঘটনাবলির পর নবমী, দশমী ও পুজা শেষ হয়ে যাওয়ার পরও একাদশীতে দেশের বেশ কিছু জায়গায় মন্দির ভাঙ্চুর ও সাম্প্রদায়িক সহিংসতার যে ঘটনা ঘটেছে তাতে বিচ্ছিন্ন বিষয় বলে আখ্যায়িত করা যায় না। খুবই পরিকল্পিতভাবে এসব ঘটনা ঘটানো হয়েছে এবং এখনও অব্যাহত রাখা হয়েছে। ওয়ার্কার্স পার্টির বিবৃতিতে বিভিন্ন জেলায় বিশেষ করে চৌমুহনীতে আইনশৃঙ্খলা রক্ষাকারির ভূমিকা সম্পর্কে বলা হয় প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর সুস্পষ্ট নির্দেশ সত্ত্বেও তাদের নিশ্চেষ্ট ভূমিকা প্রশ্ন সৃষ্টি করেছে। বিবৃতিতে বলা হয় শর্মের মধ্যে ভুত থাকলে সেই শর্মে দিয়ে ভুত তাড়ানো যায় না। ওয়ার্কার্স পার্টির বিবৃতিতে ক্ষমতাসীন ও বিরোধী রাজনৈতিক দলকে পরস্পরের প্রতি দোষারোপের রাজনীতি ছেড়ে এই সাম্প্রদায়িক ঘটনাবলির পিছনের ষড়যন্ত্রের প্রকৃত শক্তিকে চিহ্নিত করা, দলমত না দেখে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তিদানের আহ্বান জানান হয়।

বার্তা প্রেরক

(কামরুল আহসান)